গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।

ফোনঃ ০৮৭১-৬১৫৩৬, ফ্যাক্সঃ ০৮৭১-৬১৫৩৭, ইমেইল- sgovc@yahoo.com

ওয়েবসাইটঃ www.sugc.edu.bd

তারিখ: ১৭.০২.২০২২ খ্রি.

# উচ্চমাধ্যমিক একাদশ শ্রেণিতে (শিক্ষাবর্ষ: ২০২১-২০২২) ভর্তি বিজ্ঞপ্তি

২০২১-২০২২ শিক্ষাবর্ষে সুনামগঞ্জ সরকারি কলেজে উচ্চমাধ্যমিক একাদশ শ্রেণিতে ভর্তির জন্য সিলেট শিক্ষাবোর্ড কর্তৃক মনোনীত শিক্ষার্থী (যারা ইতিমধ্যে শিক্ষাবোর্ডের ফি জমা দিয়ে নিশ্চায়ন করেছে), তারা অনলাইনে ভর্তি ফি জমাদান ও ভর্তি ফরম পূরণ করে পরবর্তীতে সশরীরে কাগজপত্র জমাদান করে ভর্তি হতে পারবে।

**ভর্তি ফি:**

| শাখা | ছাত্রদের ফি'স | | ছাত্রীদের ফি'স | |
|---|---|---|---|---|
| | **মুসলিম** | **অমুসলিম** | **মুসলিম** | **অমুসলিম** |
| মানবিক | ২,৬৫৩/- | ২,৬৬৩/- | ২,৫৭৩/- | ২,৫৮৩/- |
| বিজ্ঞান | ২,৯১৩/- | ২,৯২৩/- | ২,৮৩৩/- | ২,৮৪৩/- |
| ব্যবসায় শিক্ষা | ২,৬৫৩/- | ২,৬৬৩/- | ২,৫৭৩/- | ২,৫৮৩/- |

**পাঠবিরতি ফি:** ২০১৯ বা ২০২০ সালের এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে পাঠবিরতি ফি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা অতিরিক্ত পরিশোধ করতে হবে।

**** সকল প্রকার ফি সোনালী ব্যাংক পেমেন্ট সিস্টেমের মাধ্যমে পরিশোধ করতে হবে**

**ভর্তি সম্পন্ন করার জন্য শিক্ষার্থীর তিনটি করনীয় আছেঃ**

| **ক্রমিক** | **করনীয়** | **সময়সীমা** | কোথায় করতে পারবে | যেই রোল নম্বর ব্যবহৃত হবে |
|---|---|---|---|---|
| ১ | **ফি জমাদান করবে** | ২০/০২/২০২২ খ্রি. তারিখ বেলা ২.০০ টায় শুরু হয়ে ২৪/০২/২০২২ খ্রি. তারিখ বেলা ৩.০০ টা পর্যন্ত চলবে | নিজ মোবাইল থেকে (অনলাইন) | এসএসসি রোল |
| ২ | **কলেজ ওয়েবসাইটের মাধ্যমে ফরম পূরণ করবে** | ২০/০২/২০২২ খ্রি. তারিখ বেলা ২.০০ টায় শুরু হয়ে ২৪/০২/২০২২ খ্রি. তারিখ বেলা ৩.০০ টা পর্যন্ত চলবে | নিজ মোবাইল থেকে (অনলাইন) | এসএসসি রোল |
| ৩ | **প্রয়োজনীয় কাগজপত্র কলেজে জমাদান করবে** | ২২/০২/২০২২ খ্রি. তারিখ হতে ২৪/০২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১০.০০ টা হতে বেলা ৩.০০ টা | স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক স্বশরীরে কলেজে এসে | ডাউনলোডকৃত ভর্তি ফরমে প্রদত্ত কলেজ রোল |

** নির্ধারিত সময়ের মধ্যে কোন শিক্ষার্থী ভর্তি হতে ব্যর্থ হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।

ফোনঃ ০৮৭১-৬১৫৩৬, ফ্যাক্সঃ ০৮৭১-৬১৫৩৭, ইমেইল- sgovc@yahoo.com

ওয়েবসাইটঃ www.sugc.edu.bd

**১. ফি জমাদানের প্রক্রিয়া:**

Sonali Bank Payment System ক্লিক করে xi Class Admission সিলেক্ট করে অথবা https://sbl.com.bd:7070/xiClassAdmission/Fee/ তে গিয়ে **Fee Type > SSC Roll> Board Name > Year > Contact No** এর ফিল্ড পূরণ করলে প্রযোজ্য ফি এর পরিমাণ দেখাবে। এরপর টাকা পেমেন্ট অপশন একটিভ হবে এবং টাকা পেমেন্ট **নগদ/বিকাশ/রকেট/সোনালী ব্যাংক** একাউন্ট ট্রান্সফার এর মাধ্যমে করা যাবে। শিক্ষার্থীকে ফি পরিশোধের পর ফি প্রদানের স্লিপ ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে।

**২. কলেজের ওয়েবসাইটের মাধ্যমে ভর্তি প্রক্রিয়া:**

✷ যেকোন ব্রাউজার ব্যবহার করে কলেজ ওয়েবসাইট **sugc.edu.bd** তে প্রবেশ করে **Admission** অপশনে ক্লিক করুন।

✷ একাদশ শ্রেণি ভর্তি ২০২১-২০২২ এর পাশে **Apply Now** বাটনে ক্লিক করুন।

✷ প্রাপ্ত ফরমটিতে এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, শিক্ষাবোর্ড, পাশের বছর, সোনালী ব্যাংক পেমেন্ট সিস্টেমের ট্রানজেকশন আইডি দেয়ার পর পাসওয়ার্ড দিতে হবে **(শিক্ষার্থীকে পাসওয়ার্ডটি সংরক্ষণ করতে পরামর্শ দেয়া হলো, কলেজ ওয়েবসাইটে লগইন করতে এর প্রয়োজন পড়বে)**। ভর্তি ফরমে চাওয়া সকল তথ্য সঠিকভাবে পূরণ করে এর পর সাবমিট বাটনে ক্লিক করলে পরবর্তী ধাপে নিয়ে যাবে।

✷ ওয়েবসাইটের ফরমটির বিভিন্ন ফিল্ড যথাযথভাবে পূরণ করে একটি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ছবির সাইজ ৬০০ X ৪৮০) আপলোড করার পর সাবমিট বাটনে ক্লিক করুন।

✷ স্বয়ংক্রিয়ভাবে একটি পূরণকৃত পিডিএফ ফরম আসবে, এটি ডাউনলোড করে প্রিন্ট (২ কপি) করুন। **এই ফরমে শিক্ষার্থীর কলেজ রোল নম্বর উল্লেখ থাকবে**। পরবর্তীতে কলেজের ওয়েবসাইটে লগইন করার ক্ষেত্রে আইডি হিসেবে কলেজ রোল নম্বর ব্যবহার করতে হবে।

**৩. কলেজে জমাদানের ক্ষেত্রে আবশ্যকীয় কাগজপত্রাদি**

**ক. সাধারণ শিক্ষার্থীর জন্য;**

উল্লিখিত প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ করে কলেজের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত ভর্তি ফরম প্রিন্ট করে নিম্নোক্ত কাগজপত্রাদি সহ-

১। কলেজের ওয়েবসাইট থেকে প্রাপ্ত ভর্তি ফরম এক (০১) কপি,

২। সোনালী ব্যাংক পেমেন্ট সিস্টেম এ ফি পরিশোধের পেমেন্ট স্লিপ এক (০১) কপি,

৩। এসএসসি/সমমান পরীক্ষা পাশের মূল ট্রান্সক্রিপ্ট,

৪। পাসপোর্ট সাইজের ছবি ০২ (দুই) কপি, ছবির পিছনে কলেজের রোল নম্বর লিখতে হবে।

**খ. মুক্তিযোদ্ধা কোটায় মনোনীত শিক্ষার্থীর জন্য;**

মুক্তিযোদ্ধা কোটায় মনোনীত শিক্ষার্থীকে সাধারণ শিক্ষার্থীর জন্য প্রয়োজনীয় কাগজের অতিরিক্ত, মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান সনাক্তকরণের জন্য- ১. মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রাপ্ত মূলসনদ (ফটোকপি) ২. সংশ্লিষ্ট এলাকার 'মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল' কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র (মুলকপি), প্রযোজ্যক্ষেত্রে ওয়ারিশ সার্টিফিকেট (মুলকপি) জমা দিতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।
ফোনঃ ০৮৭১-৬১৫৩৬, ফ্যাক্সঃ ০৮৭১-৬১৫৩৭, ইমেইল- sgovc@yahoo.com
ওয়েবসাইটঃ www.sugc.edu.bd

**** ১। সকল কাগজপত্র একটি A4 সাইজ খামে করে দিতে হবে**
**২। খামের উপরে শিক্ষার্থীর নাম, শাখা, কলেজ রোল ও মোবাইল নম্বর স্পষ্ট করে লিখতে হবে।**
**৩। শিক্ষার্থীকে ট্রান্সক্রিপ্ট এর একাধিক ফটোকপি ভবিষ্যত প্রয়োজনে নিজের কাছে রাখার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।**

**জমাদানের স্থান ও সময় (শিক্ষার্থীদের ভর্তি ফরম ও আনুসাঙ্গিক কাগজপত্রাদি):**

মানবিক বিভাগ ঃ শিক্ষক মিলনায়তন (কলেজের টিনশেড ভবন)
বিজ্ঞান বিভাগ ঃ কলেজ লাইব্রেরি (নতুন একাডেমিক ভবনের ২য় তলা)
ব্যবসায় শিক্ষা বিভাগ ঃ রসায়ন বিভাগ (কলেজের টিনশেড ভবন)

## একাদশ শ্রেণিতে বিভাগভিত্তিক বিষয়সমুহ

| বিভাগ | আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমুহ | ঐচ্ছিক বিষয় |
|---|---|---|---|
| মানবিক | বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (৩টি বিষয়) | ইতিহাস, অর্থনীতি, যুক্তিবিদ্যা, পৌরনীতি ও সুশাসন (যেকোন ৩টি বিষয়) | অর্থনীতি, যুক্তিবিদ্যা, পৌরনীতি ও সুশাসন, (যেকোন ১টি বিষয়) |
| বিজ্ঞান | বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (৩টি বিষয়) | পদার্থবিজ্ঞান, রসায়ন, উচ্চতর গণিত, জীববিজ্ঞান (যেকোন ৩টি বিষয়) | উচ্চতর গণিত, জীববিজ্ঞান (যেকোন ১টি বিষয়) |
| ব্যবসায় শিক্ষা | বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (৩টি বিষয়) | হিসাববিজ্ঞান, ফিনান্স ব্যাংকিং ও বীমা, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (৩টি বিষয়) | অর্থনীতি (১টি বিষয়) |

**ভর্তি সংক্রান্ত যেকোন তথ্যের জন্য : হটলাইন: ০১৩১৬১৫৭৩০৬**

**ফরম জমা সংক্রান্ত যে কোন তথ্যের জন্য:**
জনাব মানিক মিয়া, অফিস সহায়ক, মোবাইল নম্বর : ০১৭২৩০৩০০৮১

ভর্তিচ্ছু শিক্ষার্থী, শিক্ষার্থীর অভিভাবক, আইনানুগ প্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে যথাযথ **স্বাস্থ্যবিধি মেনে** ভর্তি কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রতিস্বাক্ষরিত;

17-02-2022
(প্রফেসর নীলিমা চন্দ)
অধ্যক্ষ
সুনামগঞ্জ সরকারি কলেজ।

১৭/০২/২২
(ইফতেখার আলম)
সহযোগী অধ্যাপক, অর্থনীতি
ও
আহবায়ক
একাদশ শ্রেণি ভর্তি কমিটি ২০২১-২২
সুনামগঞ্জ সরকারি কলেজ।